

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের খুলনা বিভাগের বাজার তদারকি :
বিভিন্ন অপরাধে ১০ টি প্রতিষ্ঠানকে ৩০,০০০/- টাকা জরিমানা

খুলনা, ০৮ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের খুলনা বিভাগীয় এবং বিভিন্ন জেলা কার্যালয়ের সমন্বয়ে আজ পরিদর্শনমূলক বাজার অভিযান মহানগরীর খানজাহান আলী রোড়, পুরাতন যশোর রোড়, খুলনা এলাকায় পরিচালিত হয়।

জোড়া গেট মোড়, খুলনা এলাকায় যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত না করে এলপিজি গ্যাস বিক্রয় ও সংরক্ষণ করায় যথাক্রমে আবুল ব্রাদার্স ও অনুপম গ্যাস-চুলা সেন্টারকে বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ নাজমুল হাসান ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থায় যথাক্রমে ২,০০০/-, ১,০০০/- টাকাসহ মোট ৩,০০০/- জরিমানা আরোপ ও আদায় করেন।


এবং জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শিকদার শাহীনুর আলম ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থায় নিউমার্কেট এলাকায় এম টি স্টোরকে ১০,০০০/-টাকাসহ মোট ১০,০০০/- জরিমানা আরোপ ও আদায় করেন।

এছাড়াও

বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কর্তৃক ০২ টি প্রতিষ্ঠানকে ৪,০০০/-,
মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কর্তৃক ০১ টি প্রতিষ্ঠানকে ৫,০০০/-,
ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কর্তৃক ০৩ টি প্রতিষ্ঠানকে ৩,০০০/-,
চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কর্তৃক ০২ টি প্রতিষ্ঠানকে ৫,০০০/-
সহ মোট-১৭,০০০/- (সতের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের অভিযানে সর্বমোট আদায়কৃত জরিমানার পরিমাণ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে অভিযুক্ত প্রতিষ্ঠানগুলি স্বেচ্ছায় পরিশোধ করেন। অভিযান পরিচালনাকালে ব্যবসায়ী এবং উপস্থিত জনসাধারণের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং সকলকে ভোক্তা-অধিকার বিরোধী কার্যাবলী হতে বিরত থাকার অনুরোধ করা হয়। অভিযানে সার্বিক সহায়তা ছিলেন কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), খুলনা-এর প্রতিনিধি এবং নিরাপত্তায় ছিলেন এপিবিএন, খুলনা-এর সদস্যবৃন্দ।


মোঃ নাজমুল হাসান

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

বিভাগীয় কার্যালয়, খুলনা।